সমকাল
13 APR 2016
১৯ ... ৫

# জাবিতে ছাত্রদল নেতাকে ছাত্রলীগের মারধর

■ জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ছাত্রদলের এক নেতাকে মারধর করেছেন ছাত্রলীগের নেতাকর্মীরা। সোমবার রাতে উপাচার্যের বাসভবনের পাশে মারধরের এ ঘটনা ঘটে। আহত ইব্রাহীম খলিল বিপ্লব জাবি ছাত্রদলের সহসভাপতি ও বাংলা বিভাগের ছাত্র।

প্রত্যক্ষদর্শীরা জানান, পরীক্ষার নোট সংগ্রহ করতে গেলে ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোর্শেদুর রহমান আকন্দের অনুসারী মেহেদী হাসান রোমান, ইবনে সউদ মিশু, সাদ্দাম হোসেন, ইমরানসহ কয়েকজন বিপ্লবকে লোহার রড ও পাইপ দিয়ে বেধড়ক মারধর করেন। পরে তাকে উদ্ধার করে বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে প্রাথমিক চিকিৎসা শেষে সাভারের এনাম মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। অবস্থার অবনতি হলে ভোরে তাকে জাতীয় অর্থোপেডিক ও পুনর্বাসন কেন্দ্রে স্থানান্তর করা হয়। এদিকে অভিযুক্ত ছাত্রলীগ নেতাকর্মীরা মারধরের বিষয়টি স্বীকার করে বলেন, বিপ্লব ক্যাম্পাসে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছিলেন। তাই

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## জাবিতে ছাত্রদল

[১৯ পৃষ্ঠার পর]

তাকে মারধর করা হয়েছে। একই কথা বলেছেন ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোর্শেদুর রহমান আকন্দ।

অন্যদিকে এ ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে ছাত্রদল। সংগঠনের জাবি সভাপতি সোহেল রানা ও সাধারণ সম্পাদক আবদুর রহিম সৈকত এক বিবৃতিতে বলেন, ৪৮ ঘন্টার মধ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন ব্যবস্থা না নিলে কঠোর কর্মসূচি দেওয়া হবে।

প্রক্টর অধ্যাপক তপন কুমার সাহা বলেন, এখনও অভিযোগ পাইনি। অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।